পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নং:- ১৬২৮/শা-২(ক)/প.

তারিখ : ২৫ ভাদ্র ১৪৩১ / ০৯ সেপ্টেম্বর ২০২৪

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০১৭ সনের ডিগ্রি পাসকোর্স (১ম, ২য় ও ৩য় বর্ষ সমন্বিত) পুরাতন সিলেবাস (নম্বর পদ্ধতি ও পত্রকোড ৩ সংখ্যা) বিশেষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত (০৭) কলেজে বর্তমানে ডিগ্রি পাসকোর্সে নতুন করে শিক্ষার্থী ভর্তি বন্ধ রয়েছে ফলে বিগত যে সকল শিক্ষার্থী এখনো অধ্যয়ণরত আছে তাদের একটি আবেদন ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সহানুভূতির সাথে বিবেচনা করে একটি বিশেষ পরীক্ষার **(১ম, ২য় ও ৩য় বর্ষের সমন্বিত)** আয়োজন করেছে। ২০১৭ সনের ডিগ্রি পাসকোর্স সমন্বিত (১ম, ২য় ও ৩য় বর্ষ) বিশেষ পরীক্ষার ফরমপূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online- এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরমপূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো:

***** মেয়াদ উত্তীর্ণ ডিগ্রি পাসকোর্স শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের এই সুযোগ শেষ বারের মতো দেওয়া হলো। পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই। ২০১৭ সনের ডিগ্রী পাসকোর্স (১ম, ২য় ও ৩য় বর্ষ সমন্বিত) বিশেষ পরীক্ষায় যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে সেক্ষেত্রে শুধুমাত্র অকৃতকার্য/ অনুপস্থিত কোর্সে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আলোচ্য ক্ষেত্রে কোন ধরনের জরিমানা পরিশোধ করতে হবে না।**

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফিস | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | অকৃতকার্য (১ম, ২য় ও ৩য় বর্ষে এক বা একাধিক পত্র) | ৩০০/- (বিশেষ অন্তর্ভুক্তি ফি) + ১০০/- হারে (প্রতি পত্রে) এবং ব্যবহারিক ফিস প্রতি বিষয়ে ১৫০/- বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ১০/০৯/২০২৪ থেকে ২২/০৯/২০২৪ | ২৫/০৯/২০২৪ |
| ২ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) | ৭৫০/- (১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) | | |
| ৩ | ব্যবহারিক কেন্দ্র ফিস (প্রতি বিষয়ে) | ১০০/- কলেজে জমা হবে | | |

# আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ http://dua7c.com/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরম পূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) **প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে** এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরম পূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **২৪/০৯/২০২৪** তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের **৩২২** নং কক্ষে জানাতে পারবে।

ঘ) পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

## পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

***** ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরধারী শিক্ষার্থী ব্যাতিত অন্য কেউ আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না *****

২০১৫ সনের ডিগ্রি পাসকোর্স (পুরাতন সিলেবাস) এবং ২০১৫, ২০১৬ সনের ডিগ্রি পাসকোর্স (পুরাতন সিলেবাস) বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থীরা এক বা একাধিক বিষয়ে (১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পত্র) অকৃতকার্য হয়েছে (অর্থাৎ যে সকল শিক্ষার্থীর ডিগ্রির ফলাফল অকৃতকার্য) শুধুমাত্র তারাই আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১৭ সনের ডিগ্রি পাসকোর্স সমন্বিত (১ম, ২য় ও ৩য় বর্ষ) বিশেষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত পুরাতন সিলেবাস (নম্বর পদ্ধতি) ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

## কলেজের জন্য করণীয়:

**অনলাইনে পূরণকৃত আবেদন ফরম ভেরিফিকেশন ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):**

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7 Collegedu.ac.bd) Formfilup লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফরমপূরণের শর্তাবলী পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফিকেশন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফিকেশন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

**ফি জমাদানের পদ্ধতি:**

২০১৭ সালের ৩য় বর্ষ ডিগ্রি পাসকোর্স (১ম, ২য় ও ৩য় বর্ষ সমন্বিত) বিশেষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষকে "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

মোঃ বাহালুল হক চৌধুরী

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

০১.০৯.২০২৪ 09.09.2024